**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14–03–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রাজ্যের প্রথম চা নিলাম কেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপন করেন ।**

**(২) রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল জানিয়েছেন, আসন্ন লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে ।**

**(৩) লিঙ্গ বৈষম্য সূচক ২০২২-এ ভারত উল্লেখযোগ্য ১৪ নম্বরে উঠে এসেছে ।**

**(৪) বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে আজ থেকে সিনিয়র ডাবল লীগ কাম নকআউট ক্রিকেট টুর্নামেন্ট শুরু হয়েছে ।**

****************************************

**CM-Tea :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় রাজ্যের প্রথম চা নিলাম কেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, এই নিলাম কেন্দ্রটি চালু হলে রাজ্যের চা বাগান মালিকরা সহজেই চা পাতা বিক্রির সুযোগ পাবেন। এতে বাইরে

চা নিয়ে যাওয়ার ক্ষেত্রে পরিবহন খরচ আর লাগবেনা। মুখ্যমন্ত্রী আরো বলেন, বর্তমানে সারা রাজ্যে ১২ হাজার ৮০০ হেক্টর এলাকায় চা চাষ হচ্ছে। প্রতিবছর ভাল পরিমাণ চা পাতা রাজ্যেই উৎপাদিত হয়। দেশের মধ্যে চা পাতা উৎপাদনে রাজ্যের স্থান পঞ্চম। বর্তমান সরকার চা শিল্পের উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা নিয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্ত্যে, ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ।

***************************

**CEO INTERVIEW :**

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল জানিয়েছেন, আসন্ন লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। আজ আগরতলায় আকাশবাণী ও দূরদর্শনের সঙ্গে এক সাক্ষাত্কারে মুখ্য নির্বাচন আধিকারিক একথা জানান। তিনি জানান, রাজ্যে ইতিমধ্যেই ৭০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী পৌছেছে। রাজ্যের বিভিন্ন এলাকায় তাদের মোতায়েন করা হয়েছে। লোকসভা নির্বাচনে রাজ্যে দুটি আসনে মোট ভোটার ২৮ লক্ষ ৫৭ হাজার ৯৯৬। মনোনয়ন পত্র দাখিলের শেষ দিন পর্যন্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করা, নাম সংশোধন করা যাবে। তিনি জানান, এবার নির্বাচন কমিশনের নিয়ম অনুযায়ী ৮৫ বছর বা তার বেশি বয়সের

ভোটার বাড়িতে বসে ভোটদান করতে পারবেন। রাজ্যে বর্তমানে এই ধরনের ভোটার রয়েছেন ১৮ হাজার ৬৭৬ জন।

*************************

**CM-AIDS control society :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ছাত্রীছাত্রীদের নেশার মাধ্যমে AIDS সংক্রমিত হওয়া থেকে রক্ষা করতে অভিভাবক, বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও সমাজের প্রতিটি ব্যক্তিকে এগিয়ে আসতে হবে। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে বিদ্যালয়ের অধক্ষ্য ও প্রধান শিক্ষকদের নিয়ে আয়োজিত সচেতনতামূলক অনুষ্ঠানের উদবোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন বর্তমানে ত্রিপুরায় এইডস সংক্রমিত রোগীর সংখ্যা বেড়ে চলেছে। তার প্রধান একটি কারণ হলো সিরিঞ্জের মাধ্যমে নেশা দ্রব্য গ্রহণ। তিনি বলেন ২০২৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত পরিসংখ্যান অনুযায়ী ত্রিপুরায় এইডস সংক্রমিত রোগীর সংখ্যা হচ্ছে ৫ হাজার ৩৩০ জন। মুখ্যমন্ত্রী বলেন এই মারণ ব্যাধি থেকে বাঁচাতে অভিবাবকদের বাড়িতে ছেলেমেয়েদের প্রতি সজাগ দৃষ্টি রাখতে হবে। সেই সঙ্গে বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদের ছাত্রছাত্রীদের আচরণের উপর নজর রাখতে হবে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির প্রজেক্ট ডাইরেক্টর ডাঃ সমর্পিতা দত্ত। এছাড়া বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব ব্রহ্মনীত কৌর, উচ্চশিক্ষা অধিকর্তা এন সি শর্মা। ধন্যবাদ সূচক ভাষণ রাখেন স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা অধ্যাপক ডাঃ সঞ্জীব দেব্বর্মা।

******************************

**Soil Testing Cente :**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতন লাল নাথ আজ খোয়াই মহকুমা কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অফিস প্রাঙ্গনে মৃত্তিকা পরীক্ষা কেন্দ্রের উদ্বোধন করেন। ২৭ লক্ষ টাকা ব্যয়ে এই মৃত্তিকা পরীক্ষা কেন্দ্রটি নির্মাণ করা হয়েছে। এই মৃত্তিকা পরীক্ষা কেন্দ্রটি রাজ্যের মধ্যে পঞ্চম মৃত্তিকা পরীক্ষা কেন্দ্র। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা, খোয়াই জিলা পরিষদের সদস্য সুব্রত মজুমদার, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস, খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস কান্তি দাস প্রমুখ। কৃষির উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে মৃত্তিকা পরীক্ষার গুরুত্ব নিয়ে আলোচনা করেন কৃষি মন্ত্রী রতন লাল নাথ।

*****************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ খোয়াই জেলার রতিয়াতে গ্রামীণ জ্ঞানার্জন কেন্দ্র, ঘিলাতলিতে একটি প্রাথমিক গ্রামীণ বাজার ও কল্যাণপুর বাজারে একটি দ্বিতল কৃষি মার্কেটের উদ্বোধন করেন। এগুলি নির্মাণে ব্যয় হয়েছে ২ কোটি ২৮ লক্ষ টাকা। অনুষ্ঠানে বিধায়ক পিনাকী দাস চৌধুরীও উপস্থিত ছিলেন।

*******************************

**Book distribution :**

সাংসদ তহবিল থেকে পশ্চিম ত্রিপুরার ৭০টি স্কুলে ও পাঁচটি কলেজে ছাত্র-ছাত্রীদের বিভিন্ন ধরনের বই দেবার কাজ শুরু হয়েছে। তারই অঙ্গ হিসাবে আজ আগরতলার প্রগতি বিদ্যাভবনে আনুষ্ঠানিকভাবে শহরের নয়টি স্কুলের প্রধান শিক্ষক শিক্ষিকার

হাতে বই তুলে দিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। তিনি বলেন বইয়ের কোন বিকল্প হতে পারে না। ডিজিটাল যুগেও বই আমাদের জ্ঞান অর্জনে সাহায্য করে। ছেলেমেয়েদের বইমুখী করে তুলতে তিনি শিক্ষক-শিক্ষিকাদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কর্পোরেটর অভিষেক দত্ত, প্রগতি বিদ্যাভবনের প্রধান শিক্ষিকা অন্বেষা দেববর্মা সহ অন্যান্যরা।

**************************

**Ranirbazar Revenue Circle Office :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ রাণীরবাজার পুরপরিষদ কার্যালয় প্রাঙ্গণে নবনির্মিত রাণীরবাজার রেভিনিউ সার্কেল অফিসের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, এই রেভিনিউ সার্কেল অফিসের মাধ্যমে জিরানীয়া মহকুমার ১৪টি মৌজা এবং ৬টি তহশিলের জনগণ রাজস্ব সংক্রান্ত বিভিন্ন বিষয়, জায়গার দলিল, পরচা, আয়ের প্রমাণপত্র তৈরির সুবিধা গ্রহণ করতে পারবেন। তিনি আরো বলেন, জিরানীয়া মহকুমার শচীন্দ্রনগর কলোনীতে আগামীদিনে এক অত্যাধুনিক বিনোদন পার্ক গড়ে তোলা হবে। এজন্য ব্যয় হবে প্রায় ৫০ কোটি টাকা। স্বদেশ দর্শন প্রকল্পে এই পার্ক গড়ে তোলা হবে।

***********************

**All Party Meeting-Kailashahar :**

আসন্ন অষ্টাদশ লোকসভা নির্বাচনকে সামনে রেখে আজ কৈলাশহরে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়।

কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে আয়োজিত বৈঠকে সভাপতিত্ব করেন, জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা।

উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা শাসকদ্বয় প্রদীপ কুমার দেব ও অর্ঘ্য সাহা সহ পদস্থ সরকারি আধিকারিকরা।

এখানে B.J.P, কংগ্রেস, তৃনমূল কংগ্রেস, C.P.I(M), তিপরা মথা দলের প্রতিনিধিরা অংশ নেন।

বৈঠকে নির্বাচন সংক্রান্ত আচরণ বিধি কঠোরভাবে মেনে চলার উপর গুরুত্বারোপ করা হয়। তাছাড়া সুষ্ঠু ও সুচারুভাবে নির্বাচনপর্ব সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, আসন্ন লোকসভা নির্বাচন অবাধ সুষ্ঠু নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করার লক্ষ্যে প্রশাসনিক প্রস্তুতিপর্ব চলছে। এখন পর্যন্ত পাঁচ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ঊনকোটি জেলাতে এসেছে।

********************************

**Gender Inequality :**

লিঙ্গ বৈষম্য সূচক ২০২২-এ ভারত উল্লেখযোগ্য ১৪ নম্বরে উঠে এসেছে। UNDP-র প্রকাশিত ২০২৩-২৪ সালের মানব উন্নয়ন রিপোর্টে ১৯৩টি দেশের মধ্যে ভারত ১০৮ তম স্থানে রয়েছে। মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক এক বিবৃতিতে বলেছে এই অর্জন দেশে লিঙ্গ সমতা অর্জনে অগ্রগতির ইঙ্গিত দিচ্ছে।

*************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন যে পিএম-স্বনিধি প্রকল্প রাস্তার বিক্রেতাদের জন্য একটি জীবনরেখা হিসাবে প্রমাণিত হয়েছে। আজ দিল্লিতে এক লক্ষ রাস্তার বিক্রেতাদের এই প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করার সময় প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট সুবিধাভোগীদের উদ্দেশ্যে বলেন যে, COVID-এর সময় রাস্তার বিক্রেতারা মানুষের কাজে এসেছেন। তিনি রাস্তার বিক্রেতা এবং রাস্তার পাশের দোকানদারদের সমাজে অবদান রাখার জন্য অভিনন্দন জানান।

****************************

**Nirmala Sitaraman :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দীর্ঘ সময় ধরে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির প্রতি মনোযোগ দিচ্ছেন এবং গত ১০ বছরে এই অঞ্চলে অনেক উল্লেখযোগ্য ঘটনা ঘটেছে। আজ আইআইটি গুয়াহাটিতে এর অনুষ্ঠানে তিনি একথা বলেন।

শ্রীমতি সীতারামন বলেন, উত্তর-পূর্বে বৃদ্ধির সম্ভাবনা রয়েছে এবং এখানকার যুবারা উৎসাহী ও উদ্যমী। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে ভারতের বৃদ্ধির আকাঙ্ক্ষার চালিকাশক্তি হিসাবে বিবেচনা করেন। কেন্দ্রের প্রতিটি উদ্যোগ থেকে এই অঞ্চলটি যাতে উপকৃত হয়, কেন্দ্রীয় সরকার সেই বিষয়টি নিশ্চিত করছে বলেও তিনি উল্লেখ করেন।

***************************

**One Nation, One Election :**

একটি উচ্চ-স্তরের কমিটি আজ নতুন দিল্লিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে ওয়ান নেশন ওয়ান ইলেকশন নিয়ে তাদের রিপোর্ট পেশ করেছে। প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দের নেতৃত্বে গঠিত উচ্চ-পর্যায়ের কমিটি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে তাদের রিপোর্ট পেশ করেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল, পঞ্চদশ অর্থ কমিশনের প্রাক্তন চেয়ারম্যান এন কে সিং এবং অন্যান্যদের উপস্থিতিতে প্রতিবেদনটি জমা দেওয়া হয়।

১৮ হাজার ৬২৬ পৃষ্ঠার প্রতিবেদনটি বিভিন্ন অংশীদার, বিশেষজ্ঞদের সঙ্গে বিস্তৃত আলোচনা ও ১৯১ দিনের গবেষণার ফলাফল।

************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পুণরায় উল্লেখ করেছেন যে নাগরিকত্ব সংশোধনী আইন, সিএএ নাগরিকত্বের অধিকার প্রদানের একটি আইন এবং এটি কারও কাছ থেকে নাগরিকত্ব কেড়ে নেবে না। একটি সংবাদ সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে শ্রী শাহ বলেন, সিএএ আফগানিস্তান, বাংলাদেশ এবং পাকিস্তানের হিন্দু, বৌদ্ধ, জৈন, শিখ, খ্রিস্টান এবং পার্সি শরণার্থীদের অধিকার এবং নাগরিকত্ব প্রদান করবে। তিনি বলেন, নাগরিকত্ব সংশোধনী আইনের অধীনে ভারতীয় হিসেবে সবাই সমান অধিকার পাবেন।

তিনি বলেন, সংখ্যালঘুদের ভীতির কোনো কারণ নেই। CAA-তে মুসলমানদেরও নাগরিকত্বের জন্য আবেদন করার অধিকার রয়েছে। মন্ত্রী বলেন, ১৯৪৭ সালের ১৫ই আগস্ট থেকে ২০১৪ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে যারা ভারতে প্রবেশ করেছেন তাদের সবাইকে এ দেশে স্বাগত।

**************************

**Sudip Barman press meet :**

বিধায়ক সুদীপ রায় বর্মণ আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের জনজাতিদের উন্নয়নে কংগ্রেস ও কংগ্রেস নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের ভূমিকা সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন। তিনি বলেন, জনজাতিদের অধিকার সুরক্ষিত রাখার জন্যে কংগ্রেসের নেতৃত্বে কেন্দ্রীয় সরকার সংবিধানের ষষ্ঠ তফশিলি মোতাবেক এডিসি গঠন করে। তিনি অভিযোগ করেন, রাজ্যে বিজেপি ও তিপ্রা মথা দলের রাজ্যের জনজাতিদের উন্নয়নে কোন পরিকল্পনা নেই।

**************************

**DYFI :**

বামপন্থী দুটি যুব সংগঠন ডি ওয়াই এফ আই এবং টি ওয়াই এফ যৌথভাবে আজ বিভিন্ন দাবিতে আগরতলায় মিছিল ও সমাবেশ সংঘটিত করে। মিছিলটি আগরতলার প্যারাডাইস চৌমুহনী থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। পরে ওরিয়েন্ট চৌমুহনীতে আয়োজিত সমাবেশে দেশের সংবিধান, ধর্মনিরপেক্ষতা রক্ষা, শিক্ষার অধিকার, কর্মসংস্থানের দাবিতে ও নেশার বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানিয়ে

বক্তব্য রাখেন সিপিআইএম পলিটবুরোর সদস্য তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, ডি ওয়াই এফ আই এর সর্বভারতীয় সম্পাদক হিমঘ্নরাজ ভট্টাচার্য, রাজ্য সম্পাদক নবারুণ দেব ও টি ওয়াই এফ এর রাজ্য সম্পাদক কুমুদ দেববর্মা।

*****************************

**Distribution of play materials :**

রামচন্দ্রঘাট কেন্দ্রের বিধায়ক রঞ্জিত দেববর্মা বিধায়ক উন্নয়ন তহবিল থেকে তাঁর নিজ বিধানসভা এলাকার সমস্ত ক্লাবগুলোর মধ্যে দশ লক্ষ টাকার বিভিন্ন খেলাধুলার সামগ্রী প্রদান করেন। আজ দুপুরে খোয়াইয়ের বাইজালবাড়ী স্কুল মাঠে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, সুস্থ জীবন যাপনের জন্য খেলাধুলার গুরুত্ব অপরিসীম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন, খোয়াই মহকুমা ম্যাজিস্ট্রেট মেঘা জৈন, পদ্মবিল ব্লক আধিকারিক সহ অন্যান্যরা।

****************************

**Bikash Debbarma-Hostel :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা আজ পশ্চিম ত্রিপুরা জেলার আর.কে. নগরস্থিত দুর্গা চৌধুরী পাড়াতে হেমন্ত স্মৃতি দ্বাদশ শ্রেণি স্কুলের ৫০ আসন বিশিষ্ট তফশিলী উপজাতি ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। মন্ত্রী শ্রী দেব্বর্মা বলেন রাজ্যের জনজাতি ছাত্র-ছাত্রীদের শিক্ষার সুযোগ বাড়ানোর জন্য রাজ্য সরকার প্রতিনিয়ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বলেন এই

অনুষ্ঠানটি শিক্ষাব্যবস্থায় মূলত জনজাতি ছাত্র-ছাত্রীদের জন্য অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের উদ্দেশ্যে এক ধাপ এগিয়ে যাওয়ার প্রতীক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী।

*************************

**Rajib Bhattacharjee :**

বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য আজ রামনগর বিধানসভার অন্তর্গত আগরতলা পুর নিগমের ১৯ নম্বর ওয়ার্ডের সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করেন। মতবিনিময়ের সময় শ্রী ভট্টাচার্য কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প তারা সঠিক মতো পাচ্ছে কিনা সে সম্পর্কে অবগত হন। শ্রী ভট্টাচার্য বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকাশের মন্ত্রকে পাথেয় করে এগিয়ে চলেছে রাজ্য সরকার। এরই ফলস্বরূপ বিভিন্ন সুযোগ সুবিধা গুলো সরাসরি পৌঁছে যাচ্ছে জনগনের কাছে।

*************************

**Belonia Senior Cricket :**

বিলোনিয়া মহকুমা ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে আজ থেকে বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে শুরু হয়েছে সিনিয়র ডাবল লীগ কাম নকআউট ক্রিকেট টুর্নামেন্ট। আজ উদ্বোধনী ম্যাচে দক্ষিণ বিলোনিয়া প্লে সন্টার ৪৭ রানে ইয়ুথ স্কোয়ারকে পরাজিত করে।

*************************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এমবিবি স্টেডিয়ামে

লালবাহাদুর ব্যায়ামাগার বনাম চাম্পামুড়া কোচিং সেন্টারের খেলাটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়। একই মাঠে অনুষ্ঠিত অপর খেলায় এডি নগর কোচিং সেন্টার ৬ উইকেটে এগিয়ে চলো সংঘকে পরাজিত করে। এদিকে, তালতলা মাঠে দুটি খেলায় জুটমিল কোচিং সেন্টার ১২ রানে ব্লাডমাউথ ক্লাবকে এবং অপর খেলায় ভগিনী নিবেদিতা মহিলা সমিতি ১৩৫ রানে নিউ প্লে সেন্টারকে হারিয়ে দেয়। অপরদিকে, মেলাঘরে অনুষ্ঠিত একমাত্র খেলায় তরুণ সংঘ কোচিং সেন্টার ১০ উইকেটে মৌচাক কোচিং সেন্টারকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ তেত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন একুশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ দশমিক এক ডিগ্রী এবং সর্বনিম্ন একুশ দশমিক নয় ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্র বিদ্যুত সহ মাঝারি পর্যায়ের। বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************************